



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

9 April 2026

7:35 AM IST

=====

ৰাজ্যের ১২৬ টি বিধানসভা আসনে আজ একটি পর্যায়ে ভোটগ্রহণ করা হচ্ছে। ভোটগ্রহণ সকাল সাতটা থেকে শুরু হয়েছে। চলবে বিকেল পাচটা পর্যন্ত। এবারের নির্বাচনে ৫৯ জন মহিলা প্রার্থী সহ মোট ৭২২ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন। রাজ্যে এবার ২ কোটি ৫০ লক্ষ ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে ১ কোটি ২৫ লক্ষ পুরুষ, ১ কোটি ২৫ লক্ষ মহিলা ও ৩৪৩ জন তৃতীয় লিঙ্গের ভোটদাতা রয়েছেন। রাজ্যের ৩১ হাজার ৩শ ৮৬ টি কেন্দ্রে ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে পরিচালনার জন্য একশ শতাংশ ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে। দরং জেলার দলগাও আসনে সর্বাধিক ও অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত পশ্চিম কার্বি আংলং এর আমরি আসনে সর্বনিম্ন ভোটদাতা রয়েছেন বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে।

ৰাজ্যের মুখ্য নির্বাচন কমিশনার অনুরাগ গোয়েল প্রত্যেক ভোটদাতাকে নির্বাচন কমিশনের নির্ধারণ করা নথিপত্র সংগে নিয়ে ভোটকেন্দ্রগুলিতে গিয়ে ভোটার অধিকার সাব্যস্ত করার আহ্বান জানিয়েছেন। শ্রী গোয়েল বলেন --

বাইট -----

ভোটগ্রহণ প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে পরিচালনার জন্য জেলাগুলিতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং জনসাধারণকে নির্ভয়ে ভোটগ্রহণ কেন্দ্রে গিয়ে তাদের গনতান্ত্রিক অধিকার সাব্যস্ত করার আহ্বান জানিয়েছেন। শ্রী সিং বলেন --

বাইট -----

কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারীক আয়ুষ গার্গ এক বিজ্ঞপ্তিতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার - ১৬৩ ধারা অনুযায়ী বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন। নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে আগামীকাল জেলায় মহিলা, বয়স্ক ব্যক্তি এবং ১২ বছরের নিচের শিশু ছাড়া দ্বি-চক্রযানের পিছনে কোন ব্যক্তি বসতে পারবেন না। এছাড়া কোন ব্যক্তি বোমা-পটকা বা রাসায়নিক প্রভাব সৃষ্টি করতে পারে, এমন কোন বস্তু সঙ্গে রাখতে পারবেন না। কোন ব্যক্তি বা গোষ্ঠী খেলনা বন্দুক, খেলনা পিস্তল বা রিভলবার সঙ্গে রাখতে পারবে না বলে জানানো হয়েছে।

হাইলাকান্দি জেলার দুটি আসনে ২৭ জন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন। হাইলাকান্দি বিধানসভা আসনে মোট বারোজন এবং আলগাপুর-কাটলীছড়া আসনে ১৫জন প্রার্থী রয়েছেন।

কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রে আজ ১৩ লক্ষ ৮৮ হাজার ৫শ জন ভোটার তাদের গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। জেলায় ৬ লক্ষ ৯৫ হাজার ৫শ জন পুরুষ ভোটার, ৬ লক্ষ ৯২ হাজার মহিলা ভোটার এবং ১৩ জন

তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এবারের নির্বাচনে জেলায় এক হাজার ৭শ ৩২টি ভোট কেন্দ্র রয়েছে । এরমধ্যে ৯৫টি ভোট কেন্দ্র সংবেদনশীল হিসেবে চিহ্নিত হয়েছে এবং তিনশ ৯৮টি ভোট কেন্দ্র মহিলাদের দ্বারা পরিচালিত হচ্ছে । এদিকে জেলা প্রশাসনের পক্ষ থেকে আসাম -মিজোরাম , আসাম-মণিপুর সীমান্ত অঞ্চলে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করা হয়েছে ।

শ্রীভূমি জেলায় ৯ লক্ষ ৪২ হাজার একশ ১১ জন ভোটার আজ ৪৭ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারন করছেন । জেলায় পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী নিয়োগ করা হয়েছে । জেলার চারটি বিধানসভার জন্য এক হাজার একশ ৮৮টি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে ।

ভারতীয় আবহায়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ আসাম সহ সমগ্র উত্তরপূর্ব ভারতে ভারী থেকে অতিভারী এবং শিলা বৃষ্টি হয়ার সম্ভাবনা রয়েছে ।
